

শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ




প্রেস বিজ্ঞপ্তি-৭

পাহাড় কর্তৃকের দামে ১০ লক্ষ টাকা ক্ষতিপূরণ আরোপ

নগরীর খুলশী খানাধীন জিইসি এলাকার জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বিপরীত পাশে দক্ষিণ দিকে পাহাড় কর্তৃকের দামে ১০ লক্ষ টাকা পরিবেশগত ক্ষতিপূরণ আরোপ করা হয়েছে। গত ১৭.১২.২০২১ খ্রি: তারিখে এ কার্যালয়ের পরিদর্শক জনাব মো: মনির হোসেন ঘটনাস্থল পরিদর্শনকালে ২০,০০০ ঘনফুট পরিমানে পাহাড় কর্তৃকের সত্যতা পান। কর্তনকৃত ভূমির তফসিল নিম্নরূপ:

মৌজা- দক্ষিণ পাহাড়তলী, বি এস দাগ নং- ৩০১০, ৩০১২, ৩০১৯, ৩০১১, ৩০১৪।

পরিদর্শনকালে স্কেভেটর ব্যবহার করে পাহাড় কর্তন করতে দেখা যায়। তদন্তকালে এরাবিয়ান কর্পোরেশন এর মালিক হাজী মো: নূরুল ইসলাম এর নির্দেশে পাহাড়টি কর্তন করা হচ্ছে মর্মে জানা যায়। কর্তনের কারণে সামান্য বৃষ্টি হলেই উক্ত স্থানে পাহাড় ধ্বসের প্রবল আশংকা দেখা দিয়েছে। এ প্রেক্ষিতে হাজী মো: নূরুল ইসলাম কে শুনানীর নোটিশ প্রদান করা হয়। অদ্য ১৯.১২.২০২১ খ্রি: তারিখে শুনানীতে হাজী মো: নূরুল ইসলাম এর পক্ষে এরাবিয়ান কর্পোরেশন এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মো: ইব্রাহীম উপস্থিত ছিলেন। অভিযুক্ত পক্ষের বক্তব্য ও এ কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা করে ২০,০০০ ঘনফুট পরিমানে পাহাড় কর্তনের বিষয়টি প্রমাণিত হওয়ায় পাহাড় কর্তনের সাথে সংশ্লিষ্ট ১। হাজী নূরুল ইসলাম, পিতা- মৃত আমির ইসলাম এবং ২। মোছাম্মাৎ আমিনা বেগম, স্বামী- হাজী নূরুল ইসলাম, ঠিকানা- ১৭৫, নূর আহম্মদ সড়ক, খানা- কোতোয়ালী, জেলা- চট্টগ্রাম এর বিরুদ্ধে অদ্য ১৯.১২.২০২১ খ্রি: তারিখে ১০,০০০০০/- (দশ লক্ষ টাকা) পরিবেশগত ক্ষতিপূরণ আরোপ করা হয়। আরোপকৃত টাকার মধ্যে তাৎক্ষণিকভাবে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ টাকা) আদায় করা হয়। বাকী ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ টাকা) আগামীকালের মধ্যে পরিশোধের জন্য নির্দেশ প্রদান করা হয়।


(মোহাম্মদ নূরুল্লাহ নূরী)

পরিচালক

পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম মহানগর কার্যালয়